(একই স্মারক ও তারিখ ঠিক রেখে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

পত্রনং৩৩.০২.০০০০.৯২০.৫৩.৪৬৮.১৭-৪৫০ তারিখ: ০৩/০৫/২০২০খ্রিঃ

বিষয়: লোকাল মার্কেটিং ফ্যাসিলিটেটর ও অফিস ম্যানেজার পিও এর অনুকূলে গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব বিতরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগের আওতায় প্রকল্পভুক্ত ২২ টি উপজেলায় প্রডিউসার অর্গানাইজেশন (পিও) এর কাজ সঠিক ও সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য লোকাল মার্কেটিং ফ্যাসিলিটেটর ও অফিস ম্যানেজার পিও এর জন্য বরাদ্দকৃত গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব বিতরণের লক্ষ্যে আপনার অনুকূলে প্রেরণ করা হলো।

উক্ত গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব সংশ্লিষ্ট পিও এর নির্বাহী কমিটিকে অবহিতকরণপূর্বক লোকাল মার্কেটিং ফ্যাসিলিটেটর/ অফিস ম্যানেজার পিও এর নিকট হস্তান্তর করতে হবে। ট্যাব হস্তান্তরের পূর্বে তিনশত (৩০০) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে পিও অফিস ম্যানেজার / লোকাল মার্কেটিং ফ্যাসিলিটেটরের সাথে সংযুক্ত নমুনা অনুযায়ী চুক্তিপত্র করে নিতে হবে। ট্যাব বিতরণের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে ট্যাব বিতরণ করে পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিটকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩/০৫/2020

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা
.....।

(এস.এম. মনিরুজ্জামান)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ফোনঃ০২-৪৭১২০১৮৩
ই-মেইল: monidof@gmail.com

পত্রনং৩৩.০২.০০০০.৯২০.৫৩.৪৬৮.১৭-৪৫০ তারিখ: ০৩/০৫/২০২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঅনুলিপি প্রেরণ করা হলো:
১।মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২।প্রকল্প পরিচালক, পিএমইউ, এনএটিপি-২, বি এ আর সি ভবন, ফার্মগেট,ঢাকা।
৩।উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ----------বিভাগ, ----------।
৪।জেলা মৎস্য কর্মকর্তা, ----------।
৫।ম্যানেজার (ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫।সহকারী আইসিটি স্পেশালিষ্ট, এনএটিপি-২, মৎস্য অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। টীম লিডার, ক্রান্তি এসোসিয়েটস লিঃ, আদাবর, ঢাকা।
৭।অফিস ব্যবস্থাপক/স্থানীয় মার্কেটিং ফ্যাসিলিটেটর.....(তিনশত টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপূর্বক ট্যাবটি সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট থেকে গ্রহন করার জন্য অনুরোধ করা হ"ল)।
৮।সংশ্লিষ্ট নথি।

০৩/০৫/2020

পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংগের আওতায় প্রকল্পভুক্ত ২২ টি উপজেলায় প্রডিউসার অর্গানাইজেশন (পিও) এর অফিস ম্যানেজার (ওএম) / লোকাল মার্কেটিং ফ্যাসিলিটেটর (এলএমএফ) বরাদ্দকৃত গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট ওএম ও এলএমএফ এর

অঙ্গীকারনামা

পিও/এলএমএফ এর নামঃ..... পিতার নামঃ.....

জাতীয় পরিচয়পত্র নম্বরঃ..... ইউনিয়নঃ.....

উপজেলা..... জেলাঃ .....

আমি, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রামফেজ II প্রকল্প (এনএটিপি-২) এর আওতায় সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়..... কর্তৃক নিয়োজিত----------প্রডিউসার অর্গানাইজেশন (পিও) এর একজন অফিস ম্যানেজার / লোকাল মার্কেটিং ফ্যাসিলিটেটর হিসেবে প্রকল্পের আওতায় প্রকল্পের প্রডিউসার অর্গানাইজেশনের কার্যক্রমে ব্যবহারের জন্য একটি গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব এবং এক্সোসারিজ প্রাপ্ত হয়েছি।

এমতাবস্থায়, আমি এইমর্মে অঙ্গীকার করছি যে,

- ✓ গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব শুধুমাত্র প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমে ব্যবহার করব, অন্য কোন ব্যক্তিগত বা বাণিজ্যিক কাজে এটি ব্যবহার করব না।
- ✓ গ্রহণকৃত গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব সামাজিক ও রাষ্ট্রবিরোধী কোন কাজে ব্যবহার করব না। এটি ব্যবহারের ক্ষেত্রে আমি ব্যবহারকারী হিসাবে ব্যক্তিগতভাবে দায়ী থাকব, এতে প্রকল্পের কোনো প্রকার দায় থাকবে না।
- ✓ প্রাপ্ত গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব শুধুমাত্র আমি নিজে ব্যবহার করব। অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এটি হস্তান্তর করব না।
- ✓ এটি ব্যবহার করে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় কোন প্রকার উস্কানিমূলক বক্তব্য প্রদান বা এরুপ কোন তথ্য শেয়ার করা বা প্রদান করা হতে বিরত থাকব।
- ✓ কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রাপ্ত গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব যেকোন সময় ফেরত প্রদান করতে আমি বাধ্য থাকব।
- ✓ গ্রামীন সীমসহ মোবাইল ট্যাব হারিয়ে গেলে ব্যক্তিগত ভাবে আমি দায়ী থাকব এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকব।
- ✓ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ এবং এদতসংক্রান্ত সরকারকতৃক প্রণীত অন্যান্য কঠোরভাবে অনুসরণ করে এটি ব্যবহার করবো। আইনপরিপন্থী কোন কাজে এটি ব্যবহার করলে ব্যবহারকারী হিসাবে আমি ব্যক্তিগতভাবে দায়ী থাকব।

উপর্যুক্ত বিষয় সমূহে অঙ্গীকারবদ্ধ হইয়া আমি অদ্য ..... তারিখে এইঅ
ঙ্গীকারনামায় স্বজ্ঞানে স্বাক্ষর করিলাম

অফিস ম্যানেজার/এলএমএফ এর স্বাক্ষর

স্বাক্ষীদ্বয়ের স্বাক্ষর

১।----------

২।----------

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার স্বাক্ষর